

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Agency)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

২০২০, ২০২১ ও ২০২২ সনে পরিসংখ্যান বর্ষগ্রন্থ, কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ, পরিসংখ্যান পকেটবুক, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান, ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস, মাসিক পরিসংখ্যান বুলেটিন, ভোল্টা মূল্য সূচক ও অন্যান্য সূচকসমূহ নিয়মিত প্রকাশিত হয়েছে। ১৫-২১ জুন ২০২২ “জনশুমারি ও গৃহগণনা ২০২২” অনুষ্ঠিত হয়েছে যার প্রাথমিক রিপোর্ট প্রকাশিত হয়েছে এবং চূড়ান্ত রিপোর্ট সম্ভাব্য ২০২৩ সালের জুন মাসে প্রকাশিত হবে। এনএইচডি প্রকল্পের আওতায় সারা দেশের সকল খানা ও খানা সদস্যগণের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিক তথ্য সংগ্রহ করে খানাভিত্তিক একটি তথ্যভান্ডার গড়ে তোলা হয়েছে। জাতীয় প্রতিবন্ধী জরিপ এর রিপোর্ট প্রকাশিত হয়েছে। এছাড়া বিবিএস গত তিন বছরে নিয়মিত জরিপসমূহের প্রতিবেদন প্রকাশ করেছে। এছাড়া এসডিজি ইন্ডিকেটরস পরিবীক্ষনের জন্য ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সমন্বয় করে Action Plan on SDGs Data Generation শীর্ষক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। দেশে তৃতীয়বারের মত ২৭ ফেব্রুয়ারি জাতীয় পরিসংখ্যান দিবস পালিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে শূন্য পদে জনবল নিয়োগ বিবিএস এর একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন, জনবলের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধান, তথ্য সংগ্রহে প্রতিবন্ধকতা ছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে সকল অন্তরায় দূরীকরণ বিবিএস এর অন্যতম চ্যালেঞ্জ। পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। বিবিএস এর লক্ষ্যমাত্রা অর্জনে গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা এবং বাজেট সময়মত না পাওয়া কাজের গतिकে শ্লথ করে।

ভবিষ্যৎ পরিকল্পনা

শূন্য পদে জনবল নিয়োগ এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা, প্রযুক্তিগত ও পেশাগত নেটওয়ার্ক শক্তিশালীকরণ, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধানে পরিসংখ্যান আইন ২০১৩ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা। পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর অগ্রগতি মূল্যায়ন ও পরিবীক্ষণ, নির্ধারিত সময়ের মধ্যে আধুনিক তথ্যপ্রযুক্তি প্রয়োগপূর্বক তথ্যের গুণগত মান নিশ্চিতকরণ। ২০২৩ সাল নাগাদ জাতীয় জনসংখ্যা রেজিস্টার (NPR) প্রস্তুতের কাজ আরম্ভকরণ এবং ২০২৫ সালের মধ্যে এটিকে সংরক্ষণ ও হালনাগাদকরণ; যা অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া, ২০২৫ সালের মধ্যে BISR প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের দক্ষতা ও যোগ্যতা বহুগুণে বৃদ্ধিকরণ এবং সরকারি পরিসংখ্যান আন্তর্জাতিক মানে উন্নীতকরণ।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- দেশব্যাপী জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা এবং শুমারির প্রিলিমিনারী রিপোর্ট প্রকাশ;
- এসডিজি ট্রাকার বিষয়ে ন্যূনতম ৯০ জন ডাটা প্রদানকারী এবং অনুমোদনকারী কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ প্রদান;
- দেশের প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থান নিরূপণ জরিপ (NSPD) 2019 এর রিপোর্ট প্রকাশ;
- Time Use Survey (TUS) 2021 এর রিপোর্ট প্রকাশ; Bangladesh Sample Vital Statistics ২০২১ এর রিপোর্ট প্রকাশ;
- Bangladesh Disaster Related Statistics (BDRS) 2020 এর খসড়া রিপোর্ট প্রকাশ।